

কবিতা

সুনামি রিটন মাহমুদ

ঘুমিয়ে ঘুমিয়েই ভেসে গেলো সব
আহা! সেই মায়ের কোলে শিশুটি জানলোও না
কত পানি ! আহা ! কত পানি !
প্রাণের বন্ধন ছিঁড়ে কেউ কেউ -
কেউতো নয়, সব মানুষ
একজন নয়, অসংখ্য মানুষ !
নিঃশব্দ মানুষ ! প্রাণহীন মানুষ !
ওহ! কি হাহাকার বিশ্বজুড়ে
কথায় ও কথায় সুনামি।
সুনামি তোমার হৃদয়ে আজ ব্যাথা
কেউ কি পায় শুনতে -
অনিচ্ছা সত্ত্বেও ভাসাতে হয়
জীবন থাকলেও মরতে হয়।
আহা মানুষ! কত স্বাদ জীবনের
ধূ ধূ বালুতটে মানুষ ও মানুষীর ভালোবাসা
করণ কান্নার ঢেউয়ে মিশে যায়।
আহা সুনামি আঘাত তাদেরই করলে
ভালোবাসো যাদের বেশি।
নববর্ষের টেবিলে বসে আমার আত্মা কাঁপে
হাহাকার পৃথিবী জুড়ে -
আমার দুচোখ ভেসে যায় অন্য সুনামিতে ॥

১/১/৫